

## 201085 - মৃত্যুক্তিকে গোসল দেয়ার শরিয়তসম্মত পদ্ধতি

প্রশ্ন

মৃত্যুক্তিদেরকে গোসল দেয়ার পদ্ধতি কি?

প্রিয় উত্তর

গোসলের শরিয়তসম্মত পদ্ধতি হচ্ছে- প্রথমে ইসতেনজা করাবে। অর্থাৎ মৃত্যুক্তির পেশাব বা পায়খানা জাতীয় কিছু বের হলে গোসলদানকারী হাতে একটি নেকড়া বেঁধে নিয়ে মৃত্যুক্তির পায়খানা ও পেশাবের স্থানদ্বয় ধুয়ে পরিষ্কার করবে। নাভি ও হাঁটুর মাঝখানের স্থান দেকে নিয়ে পানি ঢালবে।

এরপর ওজু করাবে। মুখ ও নাক পানি দিয়ে মুছে দিবে। চেহারা ও হাতদ্বয় ধুয়ে দিবে। মাথা ও কানদ্বয় মাসেহ করাবে। পা দুটো ধুয়ে দিবে। এরপর বরইপাতা মিশ্রিত পানি তার মাথার উপর ঢালবে। এরপর তার ডান পার্শ্বে পানি ঢালবে। তারপর বাম পার্শ্বে পানি ঢালবে। এরপর সারা শরীরে পানি ঢালবে। শেষবার পানির সাথে কর্পুর দিবে। কর্পুর একজাতীয় সুগন্ধি; যা সবাই চিনে। কর্পুর শরীরকে ভাল রাখে এবং সুগন্ধি ছড়ায়।

এটি গোসলের উত্তম পদ্ধতি। তবে যেভাবেই গোসল করানো হোক না কেন সেটা জায়েয়। গুরুত্বপূর্ণ হলো-মৃত্যুক্তির সারা শরীরে পানি পৌঁছানো ও নাপাকি দূর করা।

তবে উত্তম হলো- ইসতেনজা করানোর মাধ্যমে শুরু করা। এরপর ওজু করানো। এরপর বরই পাতার পানি দিয়ে তিনবার পানি ঢালা। এরপর সারা শরীরে তিনবার পানি ঢালা। প্রথমে ডান পাশে। তারপর বাম পাশে। তিনবার পানি ঢালবে।

যদি তিনবারের বেশি পানি ঢালা প্রয়োজন হয় তাহলে পাঁচবার পানি ঢালা যেতে পারে। যদি পাঁচবারের বেশি প্রয়োজন হয় তাহলে সাতবার পানি ঢালবে। অর্থাৎ বেজোড় সংখ্যায় শেষ করবে।

এটি উত্তম। যদি একবার বা দুইবার গোসল করায় সেটাও জায়েয় হবে। তবে উত্তম হচ্ছে- তিনবার। প্রয়োজন হলে পাঁচবার, আরও বেশি প্রয়োজন হলে সাতবার। [শাহীখ বিন বাযের নুরুন্ন আলাদ দারব ফতোয়াসমগ্র থেকে কিঞ্চিত সংক্ষেপিত]

আশ্বাহই ভাল জানেন।